07 AUG 2016
পৃষ্ঠা

যুগান্তর

# পিইসি পরীক্ষা এ বছরই বাতিলের দাবি অভিভাবকদের

যুগান্তর রিপোর্ট

চলতি বছর থেকেই পঞ্চম শ্রেণীর সমাপনী (পিইসি) পরীক্ষা বাতিলের দাবি জানিয়েছেন অভিভাবকরা। শনিবার রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের অভিভাবকদের সংগঠন 'অভিভাবক ঐক্য ফোরাম' আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান তারা। এ সময় জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য অভিভাবকদের বলা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফোরাম সভাপতি মুক্তিযোদ্ধা মো. জিয়াউল কবির দুলু। হাইকোর্টের রায়ের ব্যাখ্যা দেন সুপ্রিমকোর্টের সিনিয়র আইনজীবী ড. মো. ইউনুছ আলী আকন্দ। এ সময় উপস্থিত ছিলেন ফোরাম সাধারণ সম্পাদক মো. সেলিম উদ্দিন, শওগতুল আলম, অ্যাডভোকেট মো. সেলিম, মো. বেলায়েত হোসেন, দিলারা চৌধুরী প্রমুখ।

লিখিত বক্তব্যে বলা হয়, পিইসি পরীক্ষা কোমলমতি শিক্ষার্থীদের মানসিক চাপ সৃষ্টি করে। পরীক্ষাটি এ বছরই বাতিল করার বিষয়টি পুনর্বিবেচনার জন্য প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের সদস্যদের অনুরোধ করা হয়েছে। জঙ্গিবাদের বিরুদ্ধে জনসচেতনা সৃষ্টি ও সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয় সংবাদ সম্মেলনে। এছাড়া সন্তানদের অধিক সময় দেয়া ও নজর রাখার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান ফোরামের নেতারা।

এদিকে সংবাদ সম্মেলনে অভিভাবকরা মতিঝিল আইডিয়াল স্কুল ও ভিকারুননিসা নূন স্কুলের ভর্তি বাণিজ্য বন্ধ ও দুর্নীতিবাজদের শাস্তির দাবি জানিয়েছেন। দুদকের মাধ্যমে প্রতিষ্ঠান দুটির আয়-ব্যয়ের হিসাব ও দুর্নীতি তদন্ত করার দাবি জানান তারা। পাশাপাশি হাইকোর্টের রায় অনুযায়ী ওই দুটি স্কুলের বিশেষ কমিটি বাতিল করে নিরপেক্ষ ব্যক্তিদের নিয়ে এডহক কমিটি গঠনের দাবি তোলা হয়। বলা হয়, আগের কমিটির সদস্যদের এডহক কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে না। কমিটিতে বিভাগীয় শহরে বিভাগীয় কমিশনার, জেলা শহরে জেলা প্রশাসক ও উপজেলায় নির্বাহী কর্মকর্তাকে আহ্বায়ক করতে প্রয়োজনে প্রতিষ্ঠান বিধিমালা সংশোধন করতে হবে। এছাড়া এডহক কমিটির সদস্যদের শিক্ষাগত যোগ্যতা ডিগ্রি পাস এবং অভিভাবক, শিক্ষক ও কর্মচারীর সরাসরি কমিটিতে নির্বাচিত হওয়ার বিধান সংযুক্ত করার প্রস্তাব রাখা হয়।